দৈনিক ইনকিলাব

51

তারিখ ... OCT 1 3 1999 ...
পৃঃ ১০ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

সাম্প্রতিক প্রকাশিত হল HSC পরীক্ষার ফলাফল। এখন অনেক ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষার মানসে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য অপেক্ষা করছে। কিন্তু বড় পরিতাপের বিষয়, বর্তমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির যে নিয়ম চালু রয়েছে তাতে সাধারণ ছাত্র-ছাত্রীর স্বার্থরক্ষা করা হয়নি। সকল সুযোগ-সুবিধা ভোগ করছে শুধু বেশী নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বিরাট অসমতা রেখে কিভাবে ঘোষণা করে, যাদের SSC ও HSC নম্বর মোট ১১৫০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বলা বাহুল্য, যে ছাত্রের নম্বর ১১৫০/ ১২০০ সেই ছাত্র কিভাবে ১৫০০/ ১৬০০/ ১৭০০ নম্বরপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর স্কোরের কাছে টিকে থাকবে। এখানে তাদের স্কোরের ব্যবধান আকাশ-পাতাল। তবুও তারা আবেদন করে থাকে ভর্তির আশায়। কিন্তু ভর্তি পরীক্ষায় ভাল-নম্বর পেয়েও তারা শুধু স্কোরের কারণে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়। তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাধারণ ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার দিকে নজর রেখে পূর্ববর্তী ভর্তির নিয়ম SSC ও HSC তে প্রাপ্ত নম্বরের মধ্যে যথাক্রমে ৪% ও ৬% বাদ রেখে শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অথবা SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ১% ধরে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে যোগ করে মেধা স্কোর নির্ধারণ করে ভর্তির বিষয়টি বিবেচনা করবেন কী?

—মোঃ আক্তার হোসেন, C/O মোঃ মোক্তার আলী,
গ্রাঃ শর্শুনাদাহ, পোঃ লেবুতলা,
থানা + জেলা- যশোর।